

২:

JAN. 1 2001

গুণা ১২... ৩...

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয় অ্যাঙ্ক পাসের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ছাত্রদের ক্লাস বর্জন

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ১২৫ জন ছাত্রছাত্রী গতকাল সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছে। জাতীয় সংসদে চলতি অধিবেশনে বিশ্ববিদ্যালয় অ্যাঙ্ক পাস করার দাবিতে ছাত্ররা এ কর্মসূচি পালন করছে। জাতীয় সংসদে চলতি অধিবেশনেই বিশ্ববিদ্যালয় অ্যাঙ্ক পাস করার দাবিতে গতকাল সকাল ১০টায় ছাত্রছাত্রীরা এক মিছিল বের করে। মিছিলটি

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও দুমকী বাজার প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। পরে তারা 'অ্যাঙ্ক' পাসের মাধ্যমে তাদের রেজিস্ট্রেশন, একাডেমিক কাউন্সিল, একাডেমিক ক্যালেন্ডার পরীক্ষা পদ্ধতি (সেমিস্টার পদ্ধতি), বিশ্ববিদ্যালয়ের নিজস্ব কারিকুলামের দাবি সংবলিত একটি স্মারকলিপি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মহাপরিচালকের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বরাবরে পেশ করে।